

হুগলী মহসিন কলেজ

বিজ্ঞপ্তি

সাংখ্যমান: ১৫৬/২০২৩

তাং-২৭/০৭/২০২৩

মাননীয়জনের জ্ঞাতার্থে জানাই, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধীন অন্তিম ষন্মাসকের (6th Semester Final) পরীক্ষা শুরু হয়েছে ২৫ জুলাই ২০২৩, চলবে ৩রা আগস্ট তারিখ পর্যন্ত। ইতিমধ্যে ১লা আগস্ট হুগলী মহসিন কলেজের প্রতিষ্ঠা দিবস। ঐ দিনটি প্রতিবছর অত্যন্ত আড়ম্বরের সঙ্গে আমরা পালন করবার প্রয়াস করি এবং যথোপযুক্ত উদ্যোগ নিই। কিন্তু বর্তমান বছরে ঐ বিশেষ দিনে সকাল দশটা থেকে শুরু হবে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা। স্বভাবতই পরীক্ষা পরিচালনাকে নির্বিঘ্ন রাখতে মহাবিদ্যালয়ের অন্তর্ভুক্তী নিজস্ব সাংস্কৃতিক উদযাপনটি বাধ্য হয়েই সংক্ষিপ্ত করতে হবে। অনুষ্ঠান শুরু হবে সকাল ৭.৪৫ মিনিটে এবং আগত পরীক্ষার্থীদের স্বার্থে তা সম্পূর্ণ করতে হবে সকাল ৮.৩০ টার মধ্যে।

এই পরিকল্পনাটি মাথায় রেখে মহসিন কলেজের প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানসূচি নিম্নোক্ত ভাবে সাজানো হলো।

উদ্বোধনী সংগীত : অধ্যাপক জয়ন্ত মজুমদার।

স্বাগত ভাষণ : অধ্যাপক পুরুষোত্তম প্রামাণিক

কলেজ পরিচালন পর্ষদের প্রতিনিধির ভাষণ

ছাত্র প্রতিনিধির ভাষণ

প্রাক্তনী সংসদের পক্ষে সমাপ্তি সঙ্গীত

মূর্তি ও প্রতিকৃতিতে মাল্যদান পর্ব

১লা আগস্টের প্রতিষ্ঠা দিবসকেন্দ্রিক সাংস্কৃতিক অনুষ্ঠানের এখানেই সমাপ্তি। এরপর মাজার যাত্রা, শ্রদ্ধা জ্ঞাপন ও মাল্যদান।

কলেজের প্রতিষ্ঠা দিবসের এই অনুষ্ঠানে ছাত্র, শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রসংসদের সভ্যবৃন্দ, প্রাক্তনী সকলকে জানাই সাদর আমন্ত্রণ।


প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ

হুগলী মহসিন কলেজ

Principal

Hooghly Mohsin College



প্রতিষ্ঠা দিবস

আহ্বায়ক

২৭.০৭.২৩

প্রতিষ্ঠা দিবস উদযাপন কমিটি